

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৫০

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (حناب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - 'আক্বীকার বর্ণনা

بَابُ الْعَقِيْقَةِ

আরবী

وَعَنْ عَائِشَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُؤْتَى بِالصِّبْيَانِ فَيُبَرِّكُ عَلَيْهِمْ وَيُحَنِّكُهُمْ. رَوَاهُ مُسلم

বাংলা

8১৫০-[২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে নবজাতক শিশুদেরকে আনা হত, তিনি তাদের কল্যাণের জন্য দু'আ করতেন এবং তাদেরকে তাহ্নিক করতেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম (২৮৬)-১০১, (২১৪৭)-২৭; মুসান্নাফ ইবনু আবী শায়রাহ্ ৯(৪), ২৩৪৮৪, আবূ দাউদ ৫১০৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী লিল বায়হাকী ৪৩২২, শারহুস্ সুন্নাহ্ ২৮২১, সহীহ ইবনু হিব্বান ১৩৭২, সহীহুল জামি' ৪৮৭৬, মুসনাদে আহমাদ ২৫৭৭১, শুতাবুল ঈমান ১১০১৪।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ উল্লেখিত হাদীসটি নবজাতক শিশুকে তাহনিক করা সুন্নাত হওয়ার উপর প্রমাণ বহন করে। (আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৫০৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন